# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**30 AUGUST 2025 7:45—7:55 PM**

---

১) প্রতিরক্ষার ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা কেবল বিকল্প নয় । বরং এটি হচ্ছে অস্তিত্ব ও প্রগতির শর্ত বলে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের মন্তব্য ।

২) সখী এক্সপ্রেস প্রকল্পের অধীনে  ৯ হাজার ৭০৪ জন জন মহিলাকে স্কুটার প্রদান ।

৩) ব্রিটিশ সংগ্রহালয়ে সংরক্ষিত থাকা বৃন্দাবনী বস্ত্র আসামে প্রদর্শনের জন্য রাজ্য সরকারের পদক্ষেপ ।

এবং

৪) মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার বেশকয়েকটি গুরুত্বপূর্ণ কার্যসূচীতে যোগ দিতে আগামীকাল দুদিনের বরাক উপত্যকা সফর ।

-----------------------------------------------------------------------------------

প্রতিরক্ষার ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা কেবল বিকল্প নয় । বরং এটি হচ্ছে অস্তিত্ব ও প্রগতির শর্ত । প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং নতুন দিল্লীতে আজ প্রতিরক্ষা সম্মেলনে অংশগ্রহণ করে একথা বলেন । অপারেশন সিন্দুরের সফলতার বিষয়ে আলোকপাত করে তিনি বলেন যে এই অভিযান দেশের ক্রমবর্ধমান প্রতিরক্ষা ক্ষমতার উজ্জ্বল নিদর্শন । সেইসঙ্গে তিনি বলেন যে দেশের সশস্ত্র বাহিনীর পাকিস্তানের ভুমিতে স্থানীয় যন্ত্রপাতি ব্যবহার করে নিখুঁত আক্রমণের প্রমাণ যে দূরদর্শিতা , দীর্ঘদিনের প্রস্তুতি এবং সমন্বয় ছাড়া কোনো অভিযান সফল হতে পারেন না ।

-----------------------------------------------------------------------------------

ব্রিটিশ সংগ্রহালয়ে থাকা বৃন্দাবনী বস্ত্র আসামে নিয়ে আসার বিষয়ে আলোচনা করার জন্য মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা অক্টোবর - নভেম্বর লন্ডনে যাবেন । মুখ্যমন্ত্রী আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়ে বলেন যে ২০২৭ সালে বৃন্দাবনী বস্ত্রটি ১৮

মাসের জন্য আসামে নিয়ে আসা হবে । ব্রিটিশ সংগ্রহালয় কয়েকটি শর্ত সাপেক্ষে এক্ষেত্রে সম্মতি দিয়েছে বলে তিনি জানান । ড.শর্মা বলেন যে ব্রিটিশ সংগ্রহালয়ের শর্ত অনুসারে বিশ্বমানের সংগ্রহালয় নির্মাণ করার জন্য খানাপারার রেশম বিভাগের জমিতে একবিঘা মাটি বরাদ্দ করা হয়েছে এবং জে এস ডব্লিউ কোম্পানীটি সামাজিক দায়বদ্ধতা প্রকল্পের অধীনে সংগ্রহালয় নির্মাণের জন্য এগিয়ে এসেছে ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ গুয়াহাটী খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে সখী এক্সপ্রেস প্রকল্পের অধীনে রাজ্য জীবিকা অভিযানের ৯ হাজার ৭০৪ জন কমিউনিটি ক্যাডারকে স্কুটার প্রদান এবং আজীবিকা গ্রামীণ এক্সপ্রেস যোজনার অধীনে ক্লাষ্টার লেভেল ফেডারেশনকে ৫১ টি ব্যবসায়িক যানবাহন প্রদান কার্যসূচীর সূচনা করেন ।অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী রাজ্যের উন্নয়ন ও প্রগতির পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে মহিলারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন বলে মন্তব্য করেন ।বর্তমান রাজ্য সরকার মহিলা সবলিকরণের ক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব আরোপ করে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান ।অরুণোদয় , নিযুত মইনা , পঞ্চায়েতে মহিলাদের জন্য আসন সংরক্ষণ , মুখ্যমন্ত্রী উদ্যমিতা অভিযান ইত্যাদি প্রকল্পের বিষয়ে উল্লেখ করে মুখ্যমন্ত্রী পরিবারে মহিলাদের মন্তব্যকে গুরুত্ব সহকারে বিবেচনা করার কথা বলেন ।জীবিকা সখীদের প্রয়াসের ফলে রাজ্যে প্রায় ৪০ লক্ষ মহিলা আত্মসহায়ক গোষ্ঠির সঙ্গে জড়িত হওয়া সহ বিভিন্ন উৎপাদনমুখী কাজকর্মের সঙ্গেও জড়িত হয়েছে ।বিগত সময়ে রাজ্যের প্রায় ৩ লক্ষ আত্মসহায়ক গোষ্ঠি ৫৫৬ কোটি

---------------------------------------------------------------------------------------

আগামী তেসোরা সেপ্টেম্বর চা-জনগোষ্ঠির লোকেদের উৎসব করম পূজা উপলক্ষে রাজ্য সরকার ছুটি ঘোষনা করেছে ।শ্রমিক কল্যাণ বিভাগ গতকাল এই সম্পর্কে এক বিজ্ঞপ্তি জারি করেছে ।এই অনুযায়ি আগামী তেসোরা সেপ্টেম্বর চা শ্রমিক ও চা বাগানের কারখানায় কাজকরা শ্রমিকদের প্রাপ্য মজুরি সহ ছুটি ঘোষণা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আগামীকাল দুদিনের বরাক উপত্যকা সফরে এসে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ কর্মসূচীতে যোগ দেবেন । সফরসূচী অনুসারে মাননীয় মূখ্যমন্ত্রী আগামীকাল শিলচর পৌঁছে দুপুর আড়াইটায় উধারবন্দের ঐতিহাসিক কাঁচাকান্তি মন্দির দর্শনের মাধ্যমে তাঁর সফর শুরু করবেন ।এরপর তিনি শিলচরে রাঙ্গিখাড়িতে নেতাজী

সুভাষ চন্দ্র বসুর মূর্তি উন্মোচন করবেন । সেখানে তিনটা ১৫ মিনিটে এক জনসভারও আয়োজন করা হয়েছে ।
এরপর মূখ্যমন্ত্রী ড.শর্মা  বিকেল ৪ টা ৪৫ মিনিটে  শহীদ মঙ্গল পান্ডের মূর্তি উন্মোচন করবেন । সন্ধ্যা ৬ টায় মূখ্যমন্ত্রী প্রাক্তন সাংসদ  প্রয়াত কমলেন্দু ভট্টাচার্যের বাসভবনে সৌজন্যমূলক সাক্ষাৎ করবেন এবং পরে শিলচর টেনিস ক্লাব পরিদর্শন করবেন । আগামী সোমবার তিনি  বিভিন্ন সরকারী কার্যসূচীতে যোগ দিতে শ্রীভূমি জেলার পাথারকান্দিতে যাবেন । সেখান থেকে তিনি শিলচর এসে ওইদিনই গৌহাটী ফিরে যাবেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা মেজিস্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে এক আদেশ জারি করে আগামী পয়লা সেপ্টেম্বর সকাল ৬ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ৮ নম্বর জাতীয় সড়কের চুরাইবাড়ী থেকে মৈনা পর্যন্ত অংশে ট্রাক ও ভারী বানিজ্যিক যান চলাচলে নিষেধাজ্ঞা জারি করেছেন । আগামী পয়লা সেপ্টেম্বর পাথারকান্দিতে মুখ্যমন্ত্রীর সফরের পরিপ্রেক্ষিতে এই আদেশ জারি করা হয়েছে । আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইন অনুযায়ি ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ফ্রন্টিয়ার কলেজের এক ছাত্রের ব্যাগ থেকে আজ পিস্তল উদ্ধার করা হয়েছে । আকাশবাণীর শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন যে আজ একাদশ শ্রেণীর অর্থ বিজ্ঞানের ক্লাস চলাকালীন সময়ে এক ছাত্রকে বারবার ব্যাগে হাত ঢুকাতে দেখে শিক্ষকের সন্দেহ হয় । প্রথমে তিনি মোবাইল ফোন ভেবে তার ব্যাগে তল্লাশি চালালে ব্যাগ থেকে একটি পিস্তল উদ্ধার হয় । এই ঘটনায় শিক্ষার্থীদের মধ্যে আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয় । পরে ঘটনার খবর পেয়ে পুলিশ পিস্তল সহ ছাত্রটিকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায় ।পুলিশ ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে । এই ঘটনা সম্পর্কে স্কুলের অধ্যক্ষ জানান --------------   বাইট

---------------------------------------------------------------------------------

মেঘালয়ের সোনাপুরে ভূমিধ্বসের জন্য শিলচর-শিলং-গৌহাটী সংযোগকারী ৬ নম্বর জাতীয় সড়কে যাতায়াত বন্ধ হয়ে পড়েছে । সড়কটিতে শতাধিক যানবাহন আটকা পড়েছে । পূর্ব জয়ন্তীয়া পার্বত্য প্রশাসন সড়কটি যাতায়াতের জন্য খুলে দিতে পদক্ষেপ গ্রহণ করেছে । জেলা প্রশাসন সড়ক না খোলা পর্যন্ত চালকদের বিকল্প সড়ক ব্যাবহার করার আহ্বান জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজে গতকাল থেকে দুদিন ব্যাপী বিভিন্ন খেলাধূলো ও অনুষ্ঠানের মাধ্যমে জাতীয় ক্রীড়া দিবস পালিত হয়েছে । আজ এ উপলক্ষে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ।পরে দুদিনব্যাপী আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয় ।

-------------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজ তৃতীয় কোয়াটার ফাইনাল খেলায় ইন্ডিয়ান এফ সি দল ১-০ গোলের ব্যবধানে ভাগা এফ সি দলকে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করেছে । ইন্ডিয়ান এফ সি দলের খেলোয়াড় জংময়া ম্যান অফ দ্য ম্যাচ খেতাব অর্জন করেন ।

স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকাল অনুষ্ঠেয় চর্তুথ কোয়াটার ফাইনাল খেলায় লোকনাথপুর ইয়ং স্টার ক্লাব ও জামালপুর এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

-------------------------------------------------------------------------------------